গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা।
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৯৯.২৫.০০১.২২- ৫২৭

তারিখ: ১৪ পৌষ, ১৪২৯ বঙ্গাব্দ।
২৯ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ।

বিষয়: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মাঠ পর্যায়ে কর্মরত পরিচালক, স্থানীয় সরকার এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণ স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে বাস্তবায়িত/বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প পরিদর্শন ও দর্শন করে প্রতিবেদন প্রতি মাসে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ প্রসংগে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র সংখ্যা- ০৪.৫১৩.০৫৪০০.০০.০০১.২০১০. ৪৬৯, তারিখ: ১২ মে, ২০১৬ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সার্বক্ষণিক মনিটরিংপূর্বক উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণের লক্ষ্যে সারা দেশে বিভাগীয় পর্যায়ে পরিচালক, স্থানীয় সরকার এবং জেলা পর্যায়ে উপপরিচালক, স্থানীয় সরকার এর পদের বিপরীতে বেতন-ভাতা, জ্বালানীসহ সার্বক্ষণিক গাড়ী সুবিধা প্রদান করা হচ্ছে। সরকারের অর্থ ব্যয়ের পরও নিম্নোক্ত বিভাগ/জেলার পরিচালক, স্থানীয় সরকার এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী পরিদর্শন কার্যক্রম সম্পাদন করছেন না:

(ক) ঢাকা বিভাগের উপপরিচালক স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, উপপরিচালক, স্থানীয় সরকার, মানিকগঞ্জ জেলা এবং উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর জেলার জুলাই, ২০২২-নভেম্বর, ২০২২ পর্যন্ত কোন পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি।

(খ) চট্টগ্রাম বিভাগের উপপরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, উপপরিচালক, স্থানীয় সরকার, লক্ষ্মীপুর জেলা এবং উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁদপুর জেলার জুলাই, ২০২২-নভেম্বর, ২০২২ পর্যন্ত কোন পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি।

(গ) রাজশাহী বিভাগের পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, উপপরিচালক, স্থানীয় সরকার, জয়পুরহাট জেলা এবং উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ জেলার জুলাই, ২০২২-নভেম্বর, ২০২২ পর্যন্ত কোন পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি।

(ঘ) সিলেট বিভাগের উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার জেলা এবং উপপরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ জেলার জুলাই, ২০২২-নভেম্বর, ২০২২ পর্যন্ত কোন পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি।

(ঙ) রংপুর বিভাগের পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম জেলা এবং উপপরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড় জেলার জুলাই, ২০২২-নভেম্বর, ২০২২ পর্যন্ত কোন পরিদর্শন প্রতিবেদন পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, উল্লিখিত কর্মকর্তাগণের অনুকূলে বরাদ্দকৃত বেতন-ভাতা, গাড়ি ও জ্বালানীর যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের প্রমাপ অনুযায়ী উল্লিখিত বিভাগ/জেলা পর্যায়ে কর্মরত পরিচালক, স্থানীয় সরকার এবং উপপরিচালক, স্থানীয় সরকারগণকে পরিদর্শন প্রতিবেদন নিয়মিত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ সাঈদ-উর-রহমান
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd

বিতরণঃ

১। বিভাগীয় কমিশনার----------------------- (সকল) বিভা বিভাগ।
২। জেলা প্রশাসক,--------------------------(সকল) জেলা।

অনুলিপি:

০১। মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্ম-সচিব (মওমূ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়-----------------------(সকল) বিভাগ।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়-------------------------(সকল) জেলা।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

F:\GENAREL\LETER.doc-182